গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রেস-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নং-১৫.০০.০০০০.০১৯.২২.০১০.১৫-১৩৭

তারিখ: ১৯ কার্তিক ২০২১ / ০৪ নভেম্বর ২০২১

**বিষয়: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে সরকারি ক্রোড়পত্র প্রকাশ।**

সূত্র:
(১) প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০৭ সেপ্টেম্বর ২০২০ তারিখের ০৩.০৭৪.১৫.০১৭.০০.০০৪.২০১৯-১৬১ নম্বর স্মারক।
(২) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ১৫ অক্টোবর ২০২০ তারিখের ১৫.০০.০০০০.০১৯.২২.০১০.১৫-২৫৪ নম্বর স্মারক।
(৩) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ০৮ নভেম্বর ২০২০ তারিখের ১৫.০০.০০০০.০১৯.২২.০১০.১৫-২৯১ নম্বর স্মারক।
(৪) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ২৮ ডিসেম্বর ২০২০ তারিখের ১৫.০০.০০০০.০১৯.২২.০১০.১৫-৩৭১ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ে অবহিত করা যাচ্ছে যে, সূত্রস্থ ১ নম্বর পত্রের নির্দেশনা মোতাবেক সরকারি ক্রোড়পত্র তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে প্রকাশ করার বিষয়ে সরকারের সিদ্ধান্ত রয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা তা প্রতিপালন না করে নিজস্ব পদ্ধতিতে ক্রোড়পত্র বিভিন্ন পত্রিকায় প্রকাশ করে চলেছেন, যা Allocation of Business এবং সরকারি নির্দেশনার পরিপন্থী। এ বিষয়ে গত ১৫ অক্টোবর ২০২০ তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের তরফ থেকে প্রজ্ঞাপন জারি করা হয় এবং প্রজ্ঞাপনটি গত ০৮ নভেম্বর ২০২০ ও ২৮ ডিসেম্বর ২০২০ তারিখে সকল মন্ত্রণালয়/বিভাগের সচিব মহোদয়গণকে অবহিত করা হয়।

এমতাবস্থায়, সকল সরকারি ক্রোড়পত্র তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে প্রকাশ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৪ (চা'র) পাতা।

০৪/১১/২০২১
(মুহাম্মদ দেলোয়ার হোসেন)
উপসচিব
ফোন : ৯৫৪০৪৬২
email: as.press@moi.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব/সচিব.............................................................................(সকল) মন্ত্রণালয়/বিভাগ (তাঁর অধীনস্থ সকল দফতর সংস্থাকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)।
৩। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রক-এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, তথ্য ভবন, ১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সিস্টেম এনালিস্ট, আইসিটিসেল, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।